



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/

তারিখ: ০১/০৩/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবির A, B ও C ইউনিটের বিভাগসহ ১ম মাইগ্রেশন ও ২য় মেধা তালিকা প্রকাশ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ A, B ও C ইউনিটের বিভাগসহ ১ম মাইগ্রেশন ও ২য় মেধা তালিকা প্রকাশিত হয়েছে। আজ (১ মার্চ) রাত ১২ টা থেকে ভর্তি সংক্রান্ত কুবি ওয়েবসাইট <https://cou.admission-aid.com> লিংকে ক্লিক করে ভর্তিচ্ছুরা স্ব স্ব প্যানেলে প্রবেশ করে তাদের ফল দেখতে পারবে। এছাড়াও শিক্ষার্থীদেরকে মোবাইলে মেসেজের মাধ্যমে জানানো হবে।

২য় মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ আগামী ৩ মার্চ ২০২৬ তারিখ থেকে ৪ মার্চ ২০২৬ তারিখের মধ্যে ভর্তির জন্য সংশ্লিষ্ট অনুষদ থেকে অফিস চলাকালীন সময়ে (১০টা থেকে ৩.০০টা) স্ব-শরীরে ইউনিট অফিসে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে ভর্তি ফরম সংগ্রহ করে ভর্তি সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য পূরণকৃত ফরমের সাথে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের মূলকপি প্রদর্শন সাপেক্ষে উহার এক কপি ফটোকপি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, সদ্য তোলা পাসপোর্ট আকারের চার কপি সত্যায়িত রস্ট্রিন ছবি জমা দিতে হবে। উল্লেখ্য, মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীদের ক্যাম্পাসে আসার প্রয়োজন নেই।

শিক্ষার্থীদেরকে ভর্তি ফি বাবদ ১৪ হাজার ৬০০ টাকা ব্যাংকে জমা দিতে হবে। এছাড়াও ডীন অফিসের উন্নয়ন ফি ও বিভাগের উন্নয়ন ফি প্রদান করতে হবে।

ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন on/off এর শেষ সময় ৫ মার্চ ২০২৬ তারিখ রাত ১১:৫৯টা পর্যন্ত। তবে, মাইগ্রেশন off করলে পরবর্তিতে on করার কোন সুযোগ থাকবে না।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে আগামী ১২ এপ্রিল ২০২৬ তারিখ রবিবার।

ভর্তি সংক্রান্ত যে কোন আপডেট তথ্য সংশ্লিষ্ট ওয়েবসাইট <https://cou.admission-aid.com> ও বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজ <https://www.facebook.com/comillauniversityofficial> থেকে জানা যাবে।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।